

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ৫. ৪. ১৩. 'ওয়র্শিপ' বা ইবাদত অর্থ 'ভয় করা'

কিতাবুল মোকাদ্দসে অন্যত্র 'ওয়র্শিপ' শব্দের অর্থ বলা হয়েছে ভয় করা। মথি ৪/১০ ও লূক ৪/৮: "it is written, Thou shalt worship the Lord thy God, and him only shalt thou serve: লেখা আছে তুমি তোমার ঈশ্বরের ইবাদত (সাজদা) করবে এবং তাঁরই সেবা (ইবাদত) করবে।" কেরির অনুবাদ: "লেখা আছে, তোমার ঈশ্বর প্রভুকেই প্রণাম করিবে, কেবল তাঁহারই আরাধনা করিবে।" কিন্তু কিতাবুল মোকাদ্দসের অনুবাদ: "পাক কিতাবে লেখা আছে, তুমি তোমার মাবুদ আল্লাহকেই ভয় করবে, কেবল তাঁরই এবাদত করবে।" এরূপ স্বাধীন অনুবাদ ধর্মগ্রন্থ তো দূরের কথা সাধারণ সাহিত্য কর্মের ক্ষেত্রেও বিকৃতি বলে বিবেচিত হবে বলে আমরা ধারণা করি। যীশুর এ বক্তব্যটা দ্বিতীয় বিবরণ ৬/১৩ শ্লোকের উদ্ধৃতি। দ্বিতীয় বিবরণে 'ওয়র্শিপ' (সাজদা বা ইবাদত) শব্দের পরিবর্তে ফিয়ার (ভয়) শব্দটা ব্যবহার করা হয়েছে: "Thou shalt fear the LORD thy God, and serve him": "তুমি সদাপ্রভু তোমার ঈশ্বরকে ভয় করবে এবং তাঁর সেবা করবে।" কিন্তু এখানে যীশু 'ওয়র্শিপ' শব্দ ব্যবহার করেছেন। কেরির অনুবাদে মৌলিকতা রক্ষা করা হলেও কিতাবুল মোকাদ্দসে যীশুর বক্তব্য বিকৃত করা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13852

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন